গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/কার্যক্রম মনিটরিং ও বাস্তবায়ন/১০৭/২০২১/১৯৬ তারিখ: ১৮.০৫.২০২৩ খ্রি.

**বিষয়: কার্যবিবরণী প্রেরণ।** ১

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির "উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং" শীর্ষক কমিটির গত ১৭/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১৮/০৫/২০২৩

**(মোঃ তৌফিক এরফান)**
সহকারী পরিচালক (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ফোন: ০২-৫৫০০২০৬৭

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। প্রোগ্রাম-কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
দৃ. আ. মোঃ মোস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা, এসইডিপি।

০২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
দৃ. আ. মোঃ আবুল বাসার, উপপরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

০৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
দৃ. আ. মোঃ কায়ছার রহমান, পরিচালক, ব্যানবেইস।

০৪। যুগ্ম-সচিব/উপসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
দৃ. আ. মোল্লা মিজানুর রহমান, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

০৫। যুগ্ম-সচিব/উপসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

০৬। যুগ্ম-সচিব(বাজেট-১)/উপসচিব(বাজেট-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

০৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো- অর্ডিনেটর, BACS & iBAS++, SPFMS প্রোগ্রাম, অর্থ বিভাগ।
দৃ. আ. দুলাল চন্দ্র পন্ডে, সিনিয়র ফাংশনাল কনসালটেন্ট।

০৮। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

০৯। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

১০। উপপরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

১১। উপপরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধনামন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

**সদয় অবগতি ও কার্যার্থে:**

০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০২। স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **জনাব আবদুন নুর মুহম্মদ আল ফিরোজ (অতিরিক্ত সচিব) ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)** |
| **সভার তারিখ ও সময়** | : | **১৭.০৫.২০২৩ খ্রি. বেলা ১২.০০ টা** |
| **স্থান** | : | **সভা কক্ষ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।** |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভায় অংশগ্রহণকারী কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সমন্বিত উপবৃত্তি কর্মসূচির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে কার্যপত্রে নির্ধারিত আলোচ্যসূচিভুক্ত বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপনান্তোর বিস্তারিত আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২.১। সভায় জানানো হয় যে, বিগত সভার কার্যবিবরণী সকল সদস্যদের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে সংশোধনীর জন্য কোনোরূপ সুপারিশ/প্রস্তাব পাওয়া যায়নি। সভাপতি কার্যবিবরণীতে কোন সংশোধনের প্রস্তাব আছে কিনা তা জানতে চাইলে উপস্থিত সদস্যগণ কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনের প্রয়োজনীয়তা না থাকায় তা নিশ্চিতকরণের সর্বসম্মত অভিমত ব্যক্ত করেন।

২.২। গত ২২.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করে দেখা গেছে যে, HSP-MIS এর কারিগরি সমস্যা সমাধানে iBAS++ হতে যে সময়ের কথা বলা হয়েছিলো সে সময়ে তা বাস্তবায়ন করা হয়নি। অতিদ্রুত iBAS++ কর্তৃক HSP-MIS এর অনিষ্পন্ন কাজ সম্পন্ন করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এছাড়াও, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে নায়েম এবং ব্যানবেইস কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচি এর একটি সেশনে PMEAT সম্পর্কিত সেশন রাখার বিষয়ে নায়েম এবং ব্যানবেইসে পত্র প্রেরণ করা হয়েছে সে বিষয়ে Follow-up করতে হবে মর্মে অভিমত ব্যক্ত করা হয়।

**৩। উপবৃত্তি প্রাপ্য শিক্ষার্থী নির্ধারণের জন্য নির্ধারিত ফরমের নির্ণায়কসমূহ মূল্যায়ন করে নির্বাচনী নম্বর (Cut-off Marks) নির্ধারণ:**

৩.১। চলতি ২০২২-২৩ অর্থ বছরে উপবৃত্তি ও টিউশন ফি খাতে ১৯৭৯ কোটি ৭৬ লক্ষ ৫৩ হাজার টাকা বরাদ্দ আছে। ইতোমধ্যে জুলাই-ডিসেম্বর/২০২২ কিস্তিতে উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ৮৫৫ কোটি ৮৫ লক্ষ ৭২ হাজার ২০ টাকার বিতরণ বিতরণ করা হয়েছে। জানুয়ারি-জুন/২০২৩ কিস্তিতে ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণি পর্যন্ত অবশিষ্ট ১১২৩ কোটি ৯০ লক্ষ ৮০ হাজার ৯৮০ টাকা উপবৃত্তি ও টিউশন ফি বাবদ বিতরণ করা যাবে। বকেয়া এবং বর্তমানে ৭ম থেকে ১০ম ও ১২শ শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি এর প্রয়োজনীয় অর্থ সংস্থানের পর অবশিষ্ট থাকে ৩২১,৮৫,৬১,০৮০ টাকা যা Cut-off-Marks নির্ধারণের ভিত্তিতে ২০২৩ সালে এন্ট্রিকৃত ৬ষ্ঠ, ৯ম ও ১১শ শ্রেণিতে অধ্যয়নরত নির্বাচিত সুবিধাভোগী শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বাবদ বিতরণ করতে হবে।

৩.২। সাধারণ শিক্ষাক্রম ও মাদ্রাসা শিক্ষার আওতাধীন সারাদেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তির জন্য নির্ধারিত অনলাইন আবেদনের সূচকের (প্রশ্নমালার) উপর গুরুত্ব অনুযায়ী মোট ১০০ নম্বরের মধ্যে ন্যুনতম কত নম্বর নির্বাচনী নম্বর নির্ধারণ করা যেতে পারে সে বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, অনুমোদিত স্কিম ডকুমেন্টে ও অপারেশন ম্যানুয়েল অনুযায়ী সারাদেশে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠানে ভর্তিকৃত মোট শিক্ষার্থীর অন্ততঃ ৩০% শিক্ষার্থীকে উপবৃত্তি ও টিউশন ফি'র আওতায় আনতে হবে। একই স্কিম ডকুমেন্টে স্কিমের মেয়াদকালীন সময়ে প্রতিবছর/অর্থ বছরের কত জন শিক্ষার্থী উপবৃত্তি প্রদান করতে হবে সে সংখ্যার একটি প্রক্ষেপন প্রদান করা হয়েছে। চলতি অর্থবছরের স্কিম ডকুমেন্টে ৬ষ্ঠ শ্রেণিতে ৯.৭৫ লক্ষ জন এবং ১১শ শ্রেণিতে ৩.৯০ লক্ষ জনকে উপবৃত্তি ও টিউশন ফি'র আওতায় আনার লক্ষ্য মাত্রা নির্ধারণ করা আছে।

৩.৩। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, ২০২২-২৩ অর্থ বছরের উপবৃত্তি খাতে সংশোধিত বাজেট বরাদ্দ এর চাহিদার তুলনায় প্রায় ১৩৪ কোটি টাকা কম থাকায় মাধ্যমিক পর্যায়ে ভর্তিকৃত শিক্ষার্থীর ন্যুনতম ৩০% নির্বাচন করা সম্ভব হলেও স্কিম ডকুমেন্টে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে না। তাছাড়াও, উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভর্তিকৃত শিক্ষার্থীর ন্যুনতম ৩০% নির্বাচন এবং স্কিম ডকুমেন্টে নির্ধারিত লক্ষমাত্রা অর্জন করা সম্ভব হবে না। সেক্ষেত্রে প্রাপ্ত বাজেট বরাদ্দের মধ্য হতে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি প্রদান করতে হবে। চলতি অর্থবছরের বাজেটে প্রাপ্ত বরাদ্দে হতে ৭ম থেকে ১০ম ও ১২শ শ্রেণির জানুয়ারি-জুন/২০২৩ কিস্তির উপবৃত্তি ও টিউশন ফি জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থান রাখার পর অবশিষ্ট অর্থ দ্বারা ৬ষ্ঠ শ্রেণিতে স্কুল ও মাদ্রাসার জন্য যথাক্রমে ৪১ ও ৪২, ৯ম শ্রেণিতে (স্কুল ও মাদ্রাসার জন্য) ৪৭ এবং ১১শ শ্রেণিতে (কলেজ ও মাদ্রাসার জন্য) ৪৩ নম্বরকে নির্বাচনি নম্বর (Cut-off Marks) নির্ধারণে সভায় সর্বসম্মত অভিমত ব্যক্ত করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী নির্বাচনি নম্বরের (Cut-off Marks) ভিত্তিতে HSP-MIS এর মাধ্যমে ৩টি শ্রেণিতে উপবৃত্তি প্রাপ্য শিক্ষার্থীর সংখ্যা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়:

| ক্র. নং | শ্রেণি | ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা | আবেদনকৃত শিক্ষার্থীর সংখ্যা | নির্বাচনী নম্বর | উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীর সংখ্যা | মোট ভর্তিকৃত শিক্ষার্থীর তুলনায় শতকরা হার | মোট আবেদনের তুলনায় উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর হার |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ৬ষ্ঠ (স্কুল) | ২১,৬২,৬২৩ | ১১,৭৯,৪২০ | ৪১ | ৭,৫৩,৯৮৬ | ৩৪.৮৬% | ৬৩.৯২% |
| ০২ | ৬ষ্ঠ (মাদ্রাসা) | ৫,৩৫,০২৭ | ৩১৩,৫০৯ | ৪২ | ২,০২,৭৮৫ | ৩৭.৯০% | ৬৪.৬৮% |
| **৬ষ্ঠ শ্রেনির মোট শিক্ষার্থী** | | **২৬,৯৭,৬৫০** | **১৪,৯২,৯২৯** | **-** | **৯,৫৬,৭৭১** | **৩৫.৪৬%** | **৬৪.০৮%** |
| ০৩ | ৯ম (স্কুল) | - | ৩১,৭৪৫ | ৪৭ | ১২,৪৩৬ | - | ৩৯.১৭% |
| ০৪ | ৯ম (মাদ্রাসা) | - | ৯,৮০২ | ৪৭ | ৪,১৫২ | - | ৪২.৩৫% |
| **৯ম শ্রেনির মোট শিক্ষার্থী** | | **-** | **৪১,৫৪৭** | **-** | **১৬,৫৮৮** | **-** | **৩৯.৯৩%** |
| ০৫ | ১১শ (কলেজ) | ১৩,০২,০৬৮ | ৫,৯২,৯২৮ | ৪৩ | ২,৪৬,২৮৪ | ১৮.৯১% | ৪১.৫৩% |
| ০৬ | ১১শ (মাদ্রাসা) | ১,৪৫,৩০৯ | ৬৯,১৮৪ | ৪৩ | ৩৮,৭০০ | ২৬.৬৩% | ৫৫.৯৩% |
| **১১শ শ্রেণির মোট শিক্ষার্থী** | | **১৪,৪৭,৩৭৭** | **৬,৬২,১১২** | **-** | **২,৮৪,৯৮৪** | **১৯.৬৮%** | **৪৩.০৪%** |

৩.৪। স্কিম ডকুমেন্টের সংস্থান অনুযায়ী বীর মুক্তিযোদ্ধা প্রজন্ম, প্রতিবন্ধি, ৩য় লিঙ্গ, প্রাক্তন ছিটমহলের বাসিন্দা এবং সংশোধিত স্কিম ডকুমেন্টে নির্ধারিত ১০টি উপজেলায় আবেদনকৃত শতভাগ শিক্ষার্থী উপবৃত্তি জন্য সরাসরি নির্বাচিত হয়। HSP-MIS এর মাধ্যমে প্রাপ্ত আবেদনসমূহ বিন্যাসের ভিত্তিতে সরাসরি উপকারভোগী হিসাবে চিহ্নিত উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য নিম্নরূপ:

৩.৪.১। উপবৃত্তি প্রদানের সুপারিশকৃত শিক্ষার্থীদের মধ্যে সরাসরি নির্বাচিত শিক্ষার্থীদের উপাত্তের বিবরণ:

| ক্র. নং | শ্রেণি | স্কুল/কলেজ | | | | | মাদ্রাসা | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মুক্তিযোদ্ধার প্রজন্ম | ৩য় লিঙ্গা | প্রতিবন্ধি | প্রাক্তন ছিটমহল | মোট | মুক্তিযোদ্ধার প্রজন্ম | ৩য় লিঙ্গা | প্রতিবন্ধি | প্রাক্তন ছিটমহল | মোট | |
| ১ | ৬ষ্ঠ | ৩৮২৪ | ১৮ | ১৫৪৯ | ৫৩৩ | ৫৯২৪ | ২৫৩ | ১ | ২০১ | ১২১ | ৫৭৬ | **৬৫০০** |
| ২ | ৯ম | ৭৯ | ০ | ৩১ | ৪৪ | ১৫৮ | ১৩ | ০ | ৬ | ৬ | ২৫ | **১৭৯** |
| ৩ | ১১শ | ৩৮৬১ | ৫ | ৯৯৯ | ১৫৩ | ৫০১৮ | ৯৪ | ০ | ৭৬ | ১ | ১৭১ | **৫১৮৯** |
| **সর্বমোট** | | **৭৭৬৪** | **২৩** | **২৫৭৯** | **৭৩০** | **১১০৯৬** | **৩৬০** | **১** | **২৮৩** | **১২৮** | **৭৭২** | **১১৮৬৮** |

৩.৪.২। উপবৃত্তি প্রদানের সুপারিশকৃত শিক্ষার্থীদের মধ্যে শতভাগ উপবৃত্তির সুবিধাভোগী ১০টি উপজেলার (নাইক্ষ্যংছড়ি, আলিকদম, কুড়িগ্রাম সদর, চররাজিবপুর, চিলমারি, উলিপুর, ভরুঙ্গামারি, কাহরোল, খানসামা, কুলিয়ারচর) শিক্ষার্থীদের উপাত্তের বিবরণ নিম্নরূপ:

| ক্র. নং | শ্রেণি | স্কুল/কলেজ | | | মাদ্রাসা | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ছাত্র | ছাত্রী | মোট | ছাত্র | ছাত্রী | মোট | |
| ০১ | ৬ষ্ঠ | ১০২৫৩ | ১১৭০২ | ২১৯৫৫ | ৩০৯৯ | ৪১২৮ | ৭২২৭ | **২৯১৮২** |
| ০২ | ৯ম | ৮৫০ | ৮২৪ | ১৬৭৪ | ৩০২ | ২৪৭ | ৫৪৯ | **২২২৩** |
| ০৩ | ১১শ | ৪২৭৮ | ৪৯৮০ | ৯২৫৮ | ৭৫৮ | ৮০৫ | ১৫৬৩ | **১০৮২১** |
| **সর্বমোট** | | **১৫৩৮১** | **১৭৫০৬** | **৩২৮৮৭** | **৪১৫৯** | **৫১৮০** | **৯৩৩৯** | **৪২২২৬** |

**৪.০। সিদ্ধান্ত:**

৪.১। গত ২৩.০৩.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

৪.২। অতিদ্রুত iBAS++ কর্তৃক HSP-MIS এর কারিগরি সমস্যা সমাধান করতে হবে।

৪.৩। মাধ্যমিক পর্যায়ে ২০২৩ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ শ্রেণির আবেদনকারী শিক্ষার্থীদের উপবৃত্তির (স্কুল ও মাদ্রাসা) জন্য যথাক্রমে নির্বাচনী নম্বর ৪১ ও ৪২ (Cut-off Marks) নির্ধারণ করে স্কুলের ৭,৫৩,৯৮৬ (সাত লক্ষ তেপান্ন হাজার নয়শত ছিয়াশি) জন এবং মাদ্রাসার ২,০২,৭৮৫ (দুই লক্ষ দুই হাজার সাতশত পঁচাশি) জনসহ সর্বমোট ৯,৫৬,৭৭১ (নয় লক্ষ ছাপান্ন হাজার সাতশত একাত্তর) জন শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদানের জন্য নির্ধারণ করা হয়।

৪.৪। মাধ্যমিক পর্যায়ে ২০২৩ শিক্ষাবর্ষের ৯ম শ্রেণির আবেদনকারী শিক্ষার্থীদের উপবৃত্তির (স্কুল এবং মাদ্রাসা) জন্য নির্বাচনী নম্বর ৪৭ (Cut-off Marks) নির্ধারণ করে যথাক্রমে স্কুলের ১২,৪৩৬ (বারো হাজার চারশত ছত্রিশ) জন এবং মাদ্রাসার ৪,১৫২ (চার হাজার একশত বাহান্ন) জনসহ সর্বমোট ১৬,৫৮৮ (ষোল হাজার পাঁচশত আটাশি) জন শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদানের জন্য নির্ধারণ করা হয়।

৪.৫। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণির আবেদনকারী শিক্ষার্থীদের উপবৃত্তির (কলেজ ও মাদ্রাসা) জন্য নির্বাচনী নম্বর ৪৩ (Cut-off Marks) নির্ধারণ করে কলেজের ২,৪৬,২৮৪ (দুই লক্ষ ছেচল্লিশ হাজার দুইশত চুরাশি) জন এবং মাদ্রাসার ৩৮,৭০০ (আটত্রিশ হাজার সাতশত) জনসহ সর্বমোট ২,৮৪,৯৮৪ (দুই লক্ষ চুরাশি হাজার নয়শত চুরাশি) জন শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদানের জন্য নির্ধারণ করা হয়।

৪.৬। স্কিম ডকুমেন্টের সংস্থান অনুযায়ী প্রাধিকারপ্রাপ্ত ক্যাটাগরির সর্বমোট ৫৪,০৯৪ (চুয়ান্ন হাজার চুরানব্বই) জন শিক্ষার্থী [শতভাগ ক্যাটাগরিতে ১০টি উপজেলার ৪২,২২৬ (বেয়াল্লিশ হাজার দুইশত ছাব্বিশ) জন এবং ৪টি ক্যাটাগরির ১১,৮৬৮ (এগারো হাজার আটশত আটষট্টি) জন] কে সরাসরি উপবৃত্তি প্রদানের জন্য নির্ধারণ করা হয়। উল্লেখ্য যে, অনুচ্ছেদ ৪.৩, ৪.৪ ও ৪.৫-এ অনুমোদিত শিক্ষার্থীদের মধ্যেই ১০ টি উপজেলাধীন শতভাগ উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা অন্তর্ভুক্ত রয়েছে।

৫.০। সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবদুন নূর মুহম্মদ আল ফিরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট